

পটুয়াখালী ও বরগুনা বেসরকারি কলেজ শিক্ষকদের বিক্ষোভ সমাবেশ

■ পটুয়াখালী প্রতিনিধি

জাতীয়করণের দাবিতে বৃহৎসংখ্যক পটুয়াখালীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বেসরকারি কলেজের শিক্ষক-কর্মচারীরা। বাংলাদেশ জাতীয় শিক্ষক-কর্মচারী ক্রুট ও জেলা কলেজ শিক্ষক সমিতির ব্যানারে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে তারা এই বিক্ষোভ সমাবেশ করে। একেএম কলেজ থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে শ্রেণিক্রমের সামনে এসে শেষ হয়। এসময় তারা শিক্ষা ও বেসরকারি শিক্ষকদের জাতীয়করণের দাবিতে বিভিন্ন স্লোগান দেয়। মিছিল শেষে সংশ্লিষ্ট সমাবেশে বক্তব্য রাখেন জেলা বাকবিশিষ সভাপতি অধ্যাপক মুত্তাফিজুর রহমান, জাতীয় শিক্ষক কর্মচারী ক্রুট জেলা যুগ্ম আহ্বায়ক ও জেলা বাকবিশিষ আহ্বায়ক মোঃ আ. ছাদাম ও জেলা শিক্ষক কর্মচারী ক্রুটের যুগ্ম আহ্বায়ক ও বাকবিশিষ নেতা এবিএম অসিম উদ্দিন। বক্তারা শিক্ষাকে জাতীয়করণের দাবির স্বপক্ষে বিভিন্ন বুকি তুলে ধরে বক্তব্য দেন।

বরগুনা (দক্ষিণ) প্রতিনিধি

চাকরি জাতীয়করণ, পদোন্নতি ও বন্দলী নীতিমালা প্রণয়ন, চাকরির মেয়াদকাল এবং বেতন-জাতা বৃদ্ধিসহ আট দফা দাবিতে বরগুনায় বেসরকারি শিক্ষকদের বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহৎসংখ্যক জেলা প্রাথমিক শিক্ষক সমিতি কার্যালয়ের সামনে থেকে একটি মিছিল শুরু হয়ে শহর প্রদক্ষিণ

করে। মিছিল শেষে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশে শিক্ষক জিয়াউল করিম, সামসুল আলম, খশিপুর রহমান, শহিদুল ইসলাম, আবদুল রাক্কাত প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে বক্তারা বাড়ি ভাড়া, চিকিৎসা জাতীয় অন্যান্য আর্থিক সুবিধা, বন্দলী নীতিমালা প্রণয়ন ও চাকরির মেয়াদ বৃদ্ধিকরণসহ পদোন্নতির ব্যবস্থা রাখার দাবি জানান। পরে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবরে স্মারকসিপি পাঠানো হয়।